

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-১৩৮০  
ধর্মনগর, ২৬ সেপ্টেম্বর, ২০২৪

**ধর্মনগরে পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী**

পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী আজ ধর্মনগরে পালন করা হয়। উত্তর ত্রিপুরা জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে ধর্মনগরের বিবেকানন্দ সার্থশতবার্ষিকী ভবনে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাপতি ভবতোষ দাস। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিধায়ক যাদবলাল দেবনাথ, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা, জেলা শিক্ষা আধিকারিক সুখময় নাথ প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলাভিত্তিক সাংস্কৃতিক কমিটির সদস্য সমর চক্রবর্তী। বিদ্যাসাগরের কর্মজীবন, মাতৃভক্তি, সমাজ সংস্কার ইত্যাদি বিষয়ে আলোকপাত করে অনুষ্ঠানে বক্তব্য রাখেন অতিথিগণ। স্বাগত বক্তব্য রাখেন জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা। বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

\*\*\*\*\*